# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৮৫

৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৭৮. উমরা।

باب الْعُمْرَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَوْفٍ الطَّائِيُّ، حَدَّثَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ الْوَهْبِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، عَنْ عِيسَى بْنِ مَعْقِلِ ابْنِ أُمِّ مَعْقِلٍ الأَسَدِيِّ، ـ أَسَدُ خُزَيْمَةَ ـ حَدَّثَنِي يُوسُفُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ سَلاَمٍ، عَنْ جَدَّتِهِ أُمِّ مَعْقِلٍ، قَالَتْ لَمَّا حَجَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حَجَّةَ الْوَدَاعِ وَكَانَ لَنَا جَمَلٌ فَجَعَلَهُ أَبُو مَعْقِلٍ فِي سَبِيلِ اللَّهِ وَأَصَابَنَا مَرَضٌ وَهَلَكَ أَبُو مَعْقِلٍ وَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَلَمَّا فَرَغَ مِنْ حَجِّهِ جِئْتُهُ فَقَالَ " يَا أُمَّ مَعْقِلٍ مَا مَنَعَكِ أَنْ تَخْرُجِي مَعَنَا " . قَالَتْ لَقَدْ تَهَيَّأْنَا فَهَلَكَ أَبُو مَعْقِلٍ وَكَانَ لَنَا جَمَلٌ هُوَ الَّذِي نَحُجُّ عَلَيْهِ فَأَوْصَى بِهِ أَبُو مَعْقِلٍ فِي سَبِيلِ اللَّهِ . قَالَ " فَهَلاَّ خَرَجْتِ عَلَيْهِ فَإِنَّ الْحَجَّ فِي سَبِيلِ اللَّهِ فَأَمَّا إِذْ فَاتَتْكِ هَذِهِ الْحَجَّةُ مَعَنَا فَاعْتَمِرِي فِي رَمَضَانَ فَإِنَّهَا كَحَجَّةٍ " . فَكَانَتْ تَقُولُ الْحَجُّ حَجَّةٌ وَالْعُمْرَةُ عُمْرَةٌ وَقَدْ قَالَ هَذَا لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مَا أَدْرِي أَلِيَ خَاصَّةً .

বাংলা

১৯৮৫. মুহাম্মদ ইবন আওফ আত্তায়ী (রহঃ) ..... উম্মে মা’কাল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজ্জ সম্পন্ন করেন, এই সময় আমাদের একটি উট ছিল, যাদ্বারা আবূ মা’কাল জিহাদে গমণ করতো। এ সময় আমরা রোগগ্রস্ত হই, আবূ মা’কাল মৃত্যুবরণ করে এবং নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হন। তিনি তার হজ্জ সমাপনান্তে প্রত্যাবর্তন করার পর, আমি তাঁর নিকট গমন করলে তিনি বলেন, হে উম্মে মা’কাল! আমাদের সাথে বের হতে কিসে তোমাকে বাধা প্রদান করেছিল? তখন সে বলে, আমরাও হজ্জের নিয়্যাত করেছিলাম। কিন্তু এ সময় আবূ মা’কাল মৃত্যুবরণ করে।

এ সময় আমাদের একটি উট ছিল, যা দ্বারা আমরা হজ্জ সম্পন্ন করতাম। কিন্তু আবূ মা’কাল আমাকে সেটা আল্লাহর রাস্তায় দান করে দেওয়ার জন্য ওসীয়াত করেন। এতদশ্রবণে তিনি বলেন, যদি তুমি এটাকে নিয়ে বের

হতে, তবে ভাল হতো; কেননা হজ্জে গমনও আল্লার রাস্তায় গমণ সদৃশ। কাজেই আমাদের সাথে এ বছর যখন তুমি হজ্জ করতে পারনি, তখন তুমি রামাযান মাসে উমরা সম্পন্ন করবে, কেননা এটা হজ্জেরই মত। তখন তিনি বলেন, হজ্জ তো হজ্জ, আর উমরা তো উমরা-ই। কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে এরূপ বলেন। আর আমি অবগত নই যে, এটা কি আমার জন্য খাস, নাকি গোটা উম্মতের জন্যও এরূপ নির্দেশ।

## English

Narrated Umm Ma'qil:

When the Messenger of Allah (ﷺ) performed the Farewell Pilgrimage, and we had a camel, AbuMa'qil dedicated it to the cause of Allah. Then we suffered from a disease, and AbuMa'qil died. The Prophet (ﷺ) went out (for hajj). When he finished the hajj, I came to him.

He said (to me): Umm Ma'qil, what prevented you from coming out for hajj along with us?

She said: We resolved (to do so), but AbuMa'qil died. We had a camel on which we could perform hajj, but AbuMa'qil had bequeathed it to the cause of Allah.

He said: Why did you not go out (for hajj) upon it, for hajj is in the cause of Allah? If you miss this hajj along with us, perform umrah during Ramadan, for it is like hajj.

She used to say: hajj is hajj, and umrah is umrah. The Messenger of Allah (ﷺ) said it to me: I do not know whether it was peculiar to me.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ উম্মু মা'কিল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34093

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন